

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৫৬

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - 'আক্রীকার বর্ণনা

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ: سُئِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْعَقِيقَةِ فَقَالَ: «مَنْ وُلِدَ لَهُ وَلَدٌ عَنِ الْعَقِيقَةِ فَقَالَ: «مَنْ وُلِدَ لَهُ وَلَدٌ عَنِ الْعَقُوقَ» كَأَنَّهُ كَرِهَ الِاسْمَ وَقَالَ: «مَنْ وُلِدَ لَهُ وَلَدٌ فَأَحَبَّ أَنْ يَنْسِكَ عَنْهُ فَلْيَنْسِكْ عَنِ الْغُلَامِ شَاتَيْنِ وَعَنِ الْجَارِيَةِ شَاةً» . رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِي

বাংলা

8১৫৬-[৮] 'আমর ইবনু শু'আয়ব (রহঃ) তার পিতার মাধ্যমে তার দাদা হতে বর্ণনা করেন। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে 'আকীকাহ্ সম্পর্কে জিজ্ঞেস করা হলো। তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আল্লাহ তা'আলা 'উকুক (নাফরমানীকে) পছন্দ করেন না। যেন 'আকীকাহ্' শব্দটি ব্যবহার করাকে তিনি পছন্দ করেননি। অতঃপর তিনি বললেনঃ যার কোন সন্তান জন্মায়, আর সে তার পক্ষ হতে কোন পশু যাবাহ করতে চায়, তবে সে যেন অবশ্যই ছেলের পক্ষ হতে দু'টি এবং মেয়ের পক্ষ হতে একটি বকরী যাবাহ করে। (আবু দাউদ ও নাসায়ী)[1]

ফটনোট

[1] হাসান : আবৃ দাউদ ২৮৪২, নাসায়ী ৪২১২, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৬৫৫, ইরওয়া ৪/৩৬২, মুওয়াত্ত্বা মালিক ১৮৩৮, মুসনাদে আহমাদ ৬৭১৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৯৭৫২, আল মুজামুল কাবীর লিত্ব ত্ববারানী ২০৯০৮, সহীহ ইবনু হিব্বান ৫৩১০, মুসান্নাফ ইবনু আবী শায়রাহ্ ২-(৪)।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা "আল্লাহ عُقُوقٌ 'উকূক' বলাটা পছন্দ করেন না" এটা দ্বারা 'আকীকার ব্যাপারে জিজ্ঞেস করার পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর "আকীকাহ্" নামের প্রতি অপছন্দনীয়তাই প্রমাণিত হয়। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ কথা (فَلْيَنْسِكُ) বা 'সে যেন



কুরবানী করে' এ কথার দ্বারা বুঝা যায় যে, 'আক্কীকাহ্ শব্দটি পরিবর্তন করে النَّسِيكَةِ ''আন্ নাসিকাহ্'' শব্দ ব্যবহার করা উত্তম।

অন্যদিকে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর বলা কথা, ছেলের জন্য একটি 'আক্বীকাহ্ এটা 'আক্বীকাহ্ শব্দ বলার বৈধতার উপর প্রমাণ করে।

ইমাম শাফি'ঈ (রহিমাহুল্লাহ) বলেনঃ 'আকীকাহ্ শব্দটি বাতিল নয়, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসাকারীর বলা বাক্য অনুযায়ী 'আকীকাহ্ শব্দটির কারাহিয়াত বা অপছন্দনীয়তা ব্যক্ত করেছেন, সুতরাং উভয় হাদীসের মাঝে কোন বৈপরীত্য নেই। ('আওনুল মা'বৃদ ৫ম খন্ড, হাঃ ২৮৩৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আমর ইবনু ভ্'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন